

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৯৫

১. পবিত্রতা অধ্যায় (کتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৮৩. কাপড়ে হায়েযের রক্ত লেগে গেলে (এর হুকুম)

بَابٌ فِي دَمِ الْحَيْضِ يُصِيبُ الثَّوْبَ

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ خَالِدٍ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَقَ عَنْ فَاطِمَةَ بِنْتِ الْمُنْذِرِ عَنْ جَدَّتِهَا أَسْمَاءَ بِنْتِ الْمُنْذِرِ عَنْ جَدَّتِهَا أَسْمَاءَ بِنْتِ أَبِي بَكْرٍ قَالَتْ سَمِعْتُ امْرَأَةً وَهِيَ تَسْأَلُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَيْفَ تَصِنْنَعُ بِثَوْبِهَا إِذَا طَهُرَتْ مِنْ مَحِيضِهَا قَالَ إِنْ رَأَيْتِ فِيهِ دَمًا فَحُكِّيهِ ثُمَّ اقْرُصِيهِ ثُمَّ انْضَحِي فِي سَائِرِ ثَوْبِكِ ثُمَّ صَلِّي فِيهِ

إسناده صحيح

বাংলা

৭৯৫. ফাতিমা বিনতে আল মুন্যির তার দাদি আসমা বিনতে আবু বাকর রাদ্বিয়াল্লাহু আনহুমা হতে বর্ণনা করেন। তিনি বলেন, আমি এক মহিলা হতে শুনেছি যে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে এ ব্যাপারে জিজ্ঞেস করেছিলেন যে, যখন সে হায়েয হতে পবিত্র হবে, তখন সে তার কাপড় কিভাবে (পবিত্র) করবে? তিনি বলেছিলেন: "যদি সে তার কাপড়ে রক্ত দেখতে পায় তবে সে তা ঘষে ও খুঁটিয়ে তুলে ফেলবে অতঃপর তোমার পুরো কাপড়ে পানি ছিটিয়ে দেবে। এরপর তুমি সেই কাপড়ে সালাত আদায় করবে।"[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: আবু দাউদ ৩৫৬, ৩৬১; আহমাদ ৬/৩৪৫, ৩৪৬,৩৫৩; ইবনু আবী শাইবা ১/৯৫; বুখারী ২২৭; সহীহ মুসলিম ২৯১; তিরমিযী ১৩৮; নাসাঈ ২৯৪; আমি এটি সহীহ ইবনু হিব্বান নং ১৩৯৬-১৩৯৮ নং ও মুসনাদুল হুমাইদী নং ৩২২ তে পূর্ণ তাখরীজ করেছি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ ফাতিমা বিনতে আল মুন্যির (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন